# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭১৯৫

৫৬/ যুহুদ ও দুনিয়ার প্রতি আকর্ষণহীনতা সম্পর্কিত বর্ণনা (كتاب الزهد والرقائق)

পরিচ্ছেদঃ ১. যারা নিজেদের উপর যুলুম করেছে (সামুদ সম্প্রদায়) ক্রন্দনরত অবস্থা ব্যতীত তাদের জনপদে প্রবেশ কর না

باب لاَ تَدْخُلُوا مَسَاكِنَ الَّذِينَ ظَلَمُوا أَنْفُسَهُمْ إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ .

আরবী

حَدَّثَنِي حَرْمَلَةُ بْنُ يَحْيَى، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ، ـ وَهُوَ يَذْكُرُ الْحِجْرَ مَسَاكِنَ ثَمُودَ ـ قَالَ سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ إِنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ قَالَ مَرَرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى الْحِجْرِ فَقَالَ لَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تَدْخُلُوا مَسَاكِنَ الَّذِينَ ظَلَمُوا أَنْفُسَهُمْ إِلاَّ أَنْ تَكُونُوا بَاكِينَ حَذَرًا أَنْ يُصِيبَكُمْ مِثْلُ مَا أَصَابَهُمْ " . ثُمَّ زَجَرَ فَأَسْرَعَ حَتَّى خَلَّفَهَا .

বাংলা

৭১৯৫। হারামালা ইবনু ইয়াহইয়া (রহঃ) ... আবদুল্লাহ ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে একদা আমরা হিজর অধিবাসীদের এলাকা দিয়ে পথ অতিক্রম করছিলাম। এমতাবস্থায় রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বললেন, যারা নিজেদের প্রতি যুলুম করেছে তাদের জনপদ দিয়ে তোমরা কান্না জড়িত অবস্থায় যাবে। এ আশংকায় যে, তাদের উপর যে আযাব নাযিল হয়েছে অনুরূপ আযাব তোমাদের উপরও যেন নাযিল না হয়ে যায়। অতঃপর ধমক দিয়ে তিনি তার সাওয়ারীকে আরো দ্রুতগতি করলেন এবং উক্ত অঞ্চল অতিক্রম করলেন।

## English

Ibn Shihab reported, and he had been talking about the stony abodes of Thamud, and he said:
Salim b. 'Abdullah reported that 'Abdullah b. Umar said: We were passing along with Allah's Messenger (ﷺ) through the habitations of Hijr, and Allah's Messenger (ﷺ) said: Do not enter but weepingly the habitations of these persons who committed tyranny among themselves, lest the same calamity

should fall upon you as it fell upon them. He then urged his mount to proceed quickly and pass through that valley hurriedly.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=19518

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন